ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





ROSEDIN ● Vol. - 1 ● Issue - 99 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৫৫ ● কলকাতা ● ০১ আশ্বিন, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ১৮ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 62

## হিমালয়ের সমর্পণ যোগ



একত্রতার (সামুহিকতার) পাঠ এই হাতীদের থেকে শেখা যায়। এরকম লাগল- হাতীদের জলে খেলতে, জলে শুয়ে পড়তে আর জলক্রীড়া করতে ভাল লাগে। সব হাতীই খুশী ছিল। কিছুক্ষণ পরে গুরুদেব এলেন। তাঁর হাতে জামফলের মত কোন ফল ছিল। তিনি বললেন- "একে স্কাশ বলে।" তিনি দুটো ফল আমাকে খেতে দিলেন, কিন্তু ঐ ফল এত বড় ছিল যে একটা ফলেই আমার পেট ভরে গেল আর আমি একটা ফলই খেতে পারলাম। ঐ স্থানের আশেপাশে এই ফল অনেক সংখ্যায় হয়েছিল দেখেছিলাম, কিন্তু সেগুলো খাওয়া যায় কিনা, তা তখন পর্যন্ত জানা ছিল না। খেতে কাঁচা জামফলের মত লাগত।

**ক্রমশঃ**

# অস্ত্রত্যাগে রাজি? সরকারের কাছে 'শান্তি প্রস্তাব' মাওবাদীদের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লাগাতার মারে দেওয়ালের পিঠ ঠেকে যাওয়ার পর অবশেষে মাথা নোয়াল মাওবাদীরা! গত ৯ মাসে ২১০ জন সদস্যের মৃত্যুর পর সরকারের কাছে শান্তির লক্ষ্যে আলোচনার প্রস্তাব দিল মাওবাদীরা। মাও-কেন্দ্রীয় কমিটির জানিয়েছে, তারা আত্মসমর্পণ ও অস্ত্রত্যাগ করতে রাজি। সিপিআই (মাওবাদী)'র তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে, মাওবাদীরা বর্তমানে একমাসের অস্থায়ী সংঘর্ষবিরতি চায়, যাতে সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমে দুই পক্ষ সমাধানের পথে আসতে পারে।২০২৬ সালের মার্চ মাসের মধ্যে মাওবাদমুক্ত ভারত গড়ার বার্তা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ছত্তিশগড়ে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর মাওবিরোধী অভিযান আরও গতি পেয়েছে। ২০২৪ সালে বস্তার অঞ্চলে নিরাপত্তাবাহিনীর অভিযানে মৃত্যু হয়েছে ২৮৭ জন মাওবাদীর। গ্রেপ্তার

এরপর ৬ পাতায়







# কর্টেভা এগ্রিসায়েন্স চালু করেছে জোরভেক এনটেক্টা® - আঙ্গুর এবং আলুর জন্য একটি নতুন প্রজন্মের ফসল সুরক্ষা সমাধানঅত্যাধুনিক ফাঙ্গিসাইড প্রযুক্তি ফসলের স্বাস্থ্য এবং রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে

**কলকাতা, সেপ্টেম্বর ২০২৫**

কর্টেভা এগ্রিসায়েন্স আজ জোরভেক এনটেক্টা® চালু করার ঘোষণা করেছে, যা ভারতে আঙ্গুর এবং আলু উভয়ের চাষকে রূপান্তরিত করার জন্য একটি বিপ্লবী নতুন ফাঙ্গিসাইড । বিশ্বব্যাপী সফল জোরভেক® প্রযুক্তির উপর ভিত্তি করে, এই উন্নত সমাধানটি কৃষকদের আঙ্গুরের ডাউনি মিলডিউ (প্লাজমোপারা ভিটিকোলা) এবং আলুর লেট ব্লাইট (ফাইটোপথোরা ইনফেস্টান) এর মতো ধ্বংসাত্মক রোগ থেকে সুরক্ষা প্রদান করে, যার ফলে স্বাস্থ্যকর ফসল ও উচ্চ ফলন হয় এবং উন্নত মানের উৎপাদন হয়।

জোরভেক এনটেক্টা® উন্নত কেমিস্ট্রি এবং শক্তিশালী কর্মক্ষমতার এক অনন্য সমন্বয় প্রদান করে। এর সক্রিয় উপাদানগুলি উমাইসিটস উদ্ভিদের রোগের বিরুদ্ধে শক্তিশালী এবং নির্ভরযোগ্য নিয়ন্ত্রণ প্রদান করে। এই উদ্ভাবনী সমাধানটি কৃষকদের অতুলনীয় ধারাবাহিকতা এবং নিয়ন্ত্রণ প্রদান করে, এমনকি প্রতিকূল জলবায়ু পরিস্থিতিতেও শক্তিশালী, দীর্ঘস্থায়ী সুরক্ষা প্রদান করে। এর শিল্প-নেতৃস্থানীয় বৃষ্টিপাতের গতিশীলতার অর্থ হল এটি প্রয়োগের মাত্র 20 মিনিটের মধ্যে ধুয়ে যাওয়া থেকে নিরাপদ এবং সুরক্ষিত, যা চাষীদের তাদের বিনিয়োগের প্রতি আস্থা দেয়। তদুপরি, এর সিস্টেমিক গতিশীলতার (জাইলেম সিস্টেমিক) কারণে, জোরভেক এনটেক্টা® বৃদ্ধি এবং পাতা বৃদ্ধির সময় ব্যতিক্রমী সুরক্ষা প্রদান করে। এটি উদ্ভিদের মধ্যে গতিশীলতা প্রদান করে, যা চিকিৎসা করা এবং নতুন উদীয়মান পাতা উভয়ের জন্য অভিন্ন কভারেজ এবং শক্তিশালী প্রতিরক্ষা সুরক্ষা নিশ্চিত করে, যা শক্তিশালী ফসল স্থাপন এবং টেকসই বৃদ্ধির জন্য অত্যাবশ্যক। এই প্রোডাক্টটি দুটি শক্তিশালী সক্রিয় উপাদানকে একত্রিত করে যা দুটি ভিন্ন উপায়ে একসাথে কাজ করে, যা এটিকে রোগ প্রতিরোধ ক্ষমতা পরিচালনা এবং সময়ের সাথে সাথে এর কার্যকারিতা নিশ্চিত করার জন্য একটি চমৎকার হাতিয়ার করে তোলে। অতিরিক্তভাবে, জোরভেক এনটেক্টার® এ একটি অনুকূল পরিবেশগত প্রোফাইল রয়েছে, যা টেকসই কৃষির প্রতি কর্টেভা এগ্রিসায়েন্সের প্রতিশ্রুতি তুলে ধরে।

আঙ্গুর চাষীদের জন্য, জোরভেক এনটেক্টা® ডাউনি মিলডিউর বিরুদ্ধে উচ্চতর, দীর্ঘস্থায়ী সুরক্ষা প্রদান করে, যা মূল বৃদ্ধির পর্যায়ে ধারাবাহিক রোগ ব্যবস্থাপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আলু চাষীদের জন্য, জোরভেক এনটেক্টা® লেট ব্লাইট পরিচালনার জন্য সবচেয়ে শক্তিশালী ভিত্তি হিসাবে প্রমাণিত হয়েছে, যা সবচেয়ে কঠিন পরিবেশগত পরিস্থিতিতেও তাদের রোগ নিয়ন্ত্রণ প্রোগ্রামের একটি পরিষ্কার সূচনা নিশ্চিত করে। অভ্যন্তরীণ পরীক্ষাগুলি নিশ্চিত করেছে যে এর শক্তিশালী রোগ নিয়ন্ত্রণ দীর্ঘস্থায়ী, সম্পূর্ণ উদ্ভিদ সুরক্ষা এবং তীব্র লেট ব্লাইট চাপের মধ্যেও কার্যকরী হওয়ার ক্ষমতা।

# একের পর এক মৃত্যু ঘটনা বন্যার জলে ডুবে,নিরাপত্তা কোথায় উঠছে প্রশ্ন

**পার্থ ঝা,মালদা**

মালদার মানিকচক ব্লকের ভূতনী বন্যা কবলিত অঞ্চলে ফের ঘটল পরপর দু'টি মর্মান্তিক দুর্ঘটনা। এক রাতের ব্যবধানে জলে তলিয়ে গেল দুই প্রাণ—এক কিশোরী ও এক যুবক। ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে গোটা এলাকায়।

বুধবার সকালে ভূতনীর পশ্চিম নারায়ণপুরের মহেন্দ্রটোলা এলাকায় ঘটে প্রথম দুর্ঘটনা। জানা গেছে, এদিন ১২ বছরের হেমাঙ্গিনী মন্ডল বন্যার জলে স্নান করতে নামে তারই সমবয়সী বন্ধুদের সঙ্গে। হঠাৎ করেই তলিয়ে যায় সে। পরিবারের সদস্যরা ও স্থানীয়রা নৌকা ও জাল ফেলে খোঁজাখুঁজি শুরু করেন। প্রায় আধঘণ্টার চেষ্টার পর উদ্ধার হয় ষষ্ঠ শ্রেণির ওই ছাত্রীর নিথর দেহ। হেমাঙ্গিনীর বাবা



বিজয় মন্ডল পেশায় কৃষক। মেয়ের অকাল মৃত্যুতে পরিবার শোকে ভেঙে পড়ে। পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তে পাঠিয়েছে। এর আগের দিন মঙ্গলবার একই অঞ্চলের জুলাব্দিটোলা এলাকায় ঘটে আরেকটি মর্মান্তিক ঘটনা। বাড়ি ফেরার পথে প্রাণ হারায় ২১ বছরের রোজ সেখ নামে এক যুবক। জানা গেছে, রোজ ছিলেন এলাকার এক মেধাবী ছাত্র। কিছুদিন আগে বাইরে পড়াশোনা থেকে বাড়ি ফিরেছিলেন। সেদিন তিনি এক বন্ধুর সঙ্গে সাইকেল নিয়ে বন্যা কবলিত রাস্তা দিয়ে ফিরছিলেন। পথে একটি স্থানে গঙ্গার জল প্রবল বেগে ঢুকছিল। সেই জায়গা সাইকেল নিয়ে পার হতে গিয়েই ঘটে দুর্ঘটনা। মুহূর্তের মধ্যে জলের তোড়ে ভেসে যায় রোজ। স্থানীয়রা উদ্ধার কাজে নেমে অনেক চেষ্টা করে অবশেষে তার নিথর দেহ উদ্ধার করেন। পরে দেহটি মানিকচক গ্রামীণ হাসপাতালে নিয়ে গিয়ে ময়নাতদন্তে পাঠানো হয়।এক রাতের ব্যবধানে দুই তরতাজা প্রাণ ঝরে পড়ায় শোকের ছায়া নেমে এসেছে ভূতনীর বিস্তীর্ণ এলাকায়। দুই পরিবারের আহাজারিতে গোটা গ্রাম শোকে স্তব্ধ। স্থানীয়রা জানিয়েছেন, বন্যার জলে প্রতিনিয়ত এমন দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে। প্রশাসনকেও নিরাপত্তার দিক থেকে আরও পদক্ষেপ নেওয়ার দাবি তুলেছেন তারা।







# ডুয়ার্সে পর্যটকদের জন্য খুলে গেল সমস্ত জাতীয় উদ্যান ও সংরক্ষিত বনাঞ্চল

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**



গত১৬জুন থেকে পর্যটকদের জন্য বন্ধ ছিল ডুয়ার্সের সমস্ত জাতীয় উদ্যান ও সংরক্ষিত বনাঞ্চল।জলপাইগুড়ি জেলার অন্তর্গত গরুমারা,নেওরাভ্যালি, চাপরামারি, জলদাপাড়া,বক্সা সহ অন্যান্য বনাঞ্চলও ছিল এই তালিকায়।প্রতি বছর ১৬জুন থেকে ১৫সেপ্টেম্বর পর্যন্ত সময়কালকে বনদপ্তর বন্যপ্রাণীদের প্রজননকাল হিসেবে বিবেচনা করে।সেই কারণে এই সময়টিতে জঙ্গলে মানুষের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়।বর্ষার সময় জঙ্গলে গাছপালা ঘন হয়ে যায়, রাস্তাঘাটও হয়ে পড়ে বিপজ্জনক।

এছাড়াও,বন্যপ্রাণীদের নিরাপত্তা ও নিরবচ্ছিন্ন জীবনচক্র বজায় রাখতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল বলে জানান বনদপ্তর।এই সময় জিপ সাফারি, হাতির পিঠে চড়া বা বনবাংলোয় রাত্রিযাপন—সবই বন্ধ ছিল। ফলে কিছুটা মন খারাপ ছিল পর্যটকদের,কারণ জঙ্গলের গভীরে গিয়ে গন্ডার,হাতি, বাইসন বা ময়ূর দেখার সুযোগ এত দিন বন্ধ ছিল। ব্যবসায়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে স্থানীয় পর্যটন ব্যবসায়ীরা জানান।

তবে জলপাইগুড়ি বন বিভাগের তরফে জঙ্গলের বাইরে থাকা ওয়াচ টাওয়ার এবং বান বাংলো গুলি খোলা রাখার জন্য রাজ্য বনদপ্তরের কাছে একটি প্রস্তাব পাঠিয়েছে পর্যটকদের কথা মাথায় রেখে।যেমন—কালিকাপুর, ধূপঝোরা,পানঝোরা,হর্নবিল ক্যাম্প ও চুকচুকি ওয়াচ টাওয়ার গুলি খোলা রাখার জন্য দাবি জানিয়েছেন পর্যটন ব্যবসার সঙ্গে যুক্ত মানুষেরা।বনদপ্তরের তরফে জানানো হয়েছে,চলতি মাসের ১৬সেপ্টেম্বর থেকে ফের খুলে দেওয়া হয়েছে সব জাতীয় উদ্যান ও সংরক্ষিত বনাঞ্চল। তবে এখন থেকে পর্যটকরা আবার উপভোগ করতে পারবেন ডুয়ার্সের জঙ্গল সৌন্দর্য ও বন্যপ্রাণীর সমাগম।

# ফালাকাটায় পুলিশের হাতে গাঁজা সহ গ্রেপ্তার ২ যুবক



**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

মাদকের বিরুদ্ধে ফালাকাটা থানার পুলিশের লাগাতার অভিযান চালিয়ে আবারো ফালাকাটা থানার বড় সাফল্য।বিপুল পরিমাণ গাঁজা সহ দুই যুবক গ্রেফতার।

গতকাল সন্ধ্যা নাগাদ ফালাকাটা থানার পুলিশ গোপন সূত্রে খবরের ভিত্তিতে ফালাকাটা স্টেশন এলাকা থেকে দুই যুবককে গ্রেফতার করতে সক্ষম হয়। ধৃতদের নাম বিকাশ মাহাতো(৩৩)বাড়ি তালতলা,থানাঃ মোগরা, জেলা হুগলি এবং সুকদেব দাস (২৮) পিতা কালীপদ দাস,বাড়ি কুনতিঘাট শেরপুর, থানাঃ বালাগড়,জেলা হুগলি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের হেফাজত থেকে মোট ৪৫.৮৩ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে।বিপুল পরিমাণ মাদক উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।ফালাকাটা থানার পক্ষ থেকে জানানো হয়েছে,এই ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে এনডিপিএস আইনের অধীনে একটি নির্দিষ্ট মামলা রুজু করা হয়েছে।

# মুম্বই হামলার নেপথ্যে মাসুদ আজাহারই'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বিশ্বজুড়ে সন্ত্রাসের রপ্তানিকারী দেশ পাকিস্তান', এই সত্য ফের একবার প্রকাশ্যে চলে এল। পাকিস্তান থেকে পরিচালিত জইশ-ই-মহম্মদের শীর্ষ এক কমান্ডার মাসুদ আজাহারকে কার্যত নগ্ন করে দিল বিশ্বের দরবারে। একইসঙ্গে খুলে পড়ল পাকিস্তানের মুখোশ। জইশ কমান্ডার মাসুদ ইলিয়াস কাশ্মীরি স্পষ্ট ভাষায় জানিয়ে দিল, দিল্লির সংসদ হামলা ও ২৬/১১ মুম্বই হামলার মূল কালপ্রিট আর কেউ নয়, খোদ মাসুদ আজাহার।পহেলগাঁও জঙ্গি হামলায় ২৬ মৃত্যুর বদলা নিতে ৬ মে (মঙ্গলবার) গভীর রাতে অপারেশন সিঁদুর চালায় ভারতীয় সেনা। পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯ জায়গার জঙ্গিঘাঁটি গুঁড়িয়ে দেয় ভারতীয় ক্ষেপণাস্ত্র। এই হামলায় বাহওয়ালপুরে জইশ-ই-মহম্মদ, মুরাক্কায় লস্কর-ই-তইবা ও হিজবুল মুজাহিদিনের সদর দপ্তর গুঁড়িয়ে দেওয়া হয়েছিল। খতম হয়েছিল বহু জেহাদি। এই ঘটনার পর মাসুদের যে প্রতিক্রিয়া একাধিক সংবাদমাধ্যমে আসে, সেখানে তাকে বলতে শোনা যায়, "আমার পরিবারের সদস্যরা আল্লার আশীর্বাদধন্য হয়েছে। পাঁচজন নিষ্পাপ শিশু, আমার বড় বোন, তার স্বামী। আমার ভাগ্নে এবং তার স্ত্রী, আমার ভাইপো। আমার প্রিয় ভাই (জ্ঞাতি) হুজাইফা এবং তার মা। আরও দু'জন প্রিয় সঙ্গী।" বাস্তবে বিধ্বস্ত হলেও স্বভাব মতো মুখে সেকথা আনেনি কুখ্যাত সন্ত্রাসবাদী। এবার জইশ শীর্ষ কমান্ডারের মুখেও শোনা গেল কীভাবে ভারতীয় সেনার দুরন্ত আক্রমণে ছিন্নভিন্ন হয়ে গিয়েছে সন্ত্রাসের আঁতুড়ঘর। ইলিয়াসের বয়ানে স্পষ্ট যে পাকিস্তান যতই নিজেকে নির্দোষ বলে দাবি করুক না কেন, বাস্তবে পাকিস্তানের শিরায় শিরায় সন্ত্রাসের বিষ।

সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডের রিপোর্ট অনুযায়ী ইলিয়াস জানিয়েছে, ভারতে ৫ বছর ধরে জেলবন্দি থাকার পর মাসুদ যখন মুক্তি পায় তখনই ভারতে হামলার পরিকল্পনা করে। ইলিয়াসের কথায়, "দিল্লির

এরপর 4 পাতায়

# সম্পাদকীয়

## হাইকোর্ট প্রশ্ন করতেই উন্নয়ন প্রকল্পের জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ করল নবান্ন

বিভিন্ন জেলা আদালতের উন্নয়নমূলক কাজ অনেক দিন ধরে আটকে রয়েছে। প্রয়োজনীয় অর্থ না থাকায় অনেক প্রকল্প এগোতে পারছিল না। বুধবার হাই কোর্টের বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ মুখ্যসচিব মনোজ পন্থকে এই বিষয়গুলো ব্যাখ্যা করতে বলেন।মুখ্য সচিবের ঘোষণা অনুযায়ী যদি আদালতের ৫০ কোটি টাকার বরাদ্দ কার্যকর হয়, সেক্ষেত্রে হাই কোর্ট ও জেলা আদালতের আটকে থাকা অনেক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হবে বলে মনে করা হচ্ছে। তবে ৫৩টি বাকি প্রকল্পের বিষয়ে রাজ্য অবস্থান জানাতে আরও সময় নিয়েছে। আগামী দিনে এই কাজ কতদূর এগোয় এখন সেটাই দেখার।অভিযোগ, রাজ্যকে অনেকবার আদালতের কিছু প্রয়োজনীয়তার কথা জানান হয়েছে, কিন্তু রাজ্য এখনও কোনও ব্যবস্থা নেয়নি।

আদালতের উন্নয়নের ৫০ কোটি টাকার বরাদ্দ ঘোষণা

মুখ্যসচিব আদালতে জানিয়েছেন, আদালতের উন্নয়নের জন্য রাজ্য সরকার ৫০ কোটি টাকা বরাদ্দ করেছে। এই অর্থ হাই কোর্ট ও জেলা আদালতের ১৪টি প্রকল্পের কাজে ব্যয় হবে। বরাদ্দ প্রস্তাব ইতিমধ্যেই অর্থ দপ্তরে পাঠানো হয়েছে। তবে বিচারপতিরা আরও ৫৩টি প্রকল্পের বিষয়ে জানতে চেয়েছেন, যা এখনও সমাধান হয়নি। মুখ্যসচিব সেই বিষয়ে আরও সাত দিন সময় চেয়েছেন।

অভিযোগ রয়েছে, ২০২৪ সালে রাজ্যের কাছে আদালতের বিভিন্ন প্রয়োজনীয়তার জন্য অর্থ চাওয়া হয়েছিল। কিন্তু অর্থ বরাদ্দ না হওয়ায় বহু প্রকল্প আটকে যায়। হাই কোর্টে পর্যাপ্ত ইন্টারনেট পরিষেবা নেই, কার্টিজ কাগজের অভাব রয়েছে, এবং ডিসেম্বর ২০২৪ থেকে সিসিটিভি ইনস্টলেশনও শুরু হয়নি। বিল্ডিং কমিটির অনুমোদিত ৫৫টি প্রকল্পের জন্য ৫.৬৯ কোটি টাকা বাকি, আর ৩০টি প্রকল্পের জন্য ৪ কোটি টাকার বেশি অর্থ বাকি রয়েছে বলে অভিযোগ।

এছাড়া নিম্ন আদালত ও হাই কোর্টে কর্মচারীর অভাব রয়েছে বলেও অভিযোগ উঠেছে। রাজ্যের প্রশাসন জানিয়েছিল, দু'জন অফিসার নিয়োগ করার কথা ছিল কিন্তু তা এখনও বাস্তবায়িত হয়নি। মুখ্যসচিব জানিয়েছেন, বকেয়া কাজ অবিলম্বে শুরু হবে এবং প্রয়োজন হলে নজরদারি চালানো হবে।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(পঁচিশতম পর্ব)



ইংরেজদের শুভানুধ্যায়ী ও লর্ড ক্লাইভের পরামর্শদাতা ছিলেন। যে কোন কারণেই হোক নবকৃষ্ণ এই সময় প্রচুর বিত্তশালী হয়েছিলেন।

১৭৬৫, ১লা আগস্ট দিল্লির বাদশাহ শাহ আলমের কাছ থেকে লর্ড ক্লাইভ বাংলা-বিহার-ওড়িশার দেওয়ানি লাভ করেন। নবাবী শাসনের নামমাত্র অস্তিত্ব থাকে । সেই উপলক্ষে রাজা নবকৃষ্ণ মা কালীকে সোনার মুণ্ডমালা দান করেছিলেন।

মা কালী সহ গোটা মন্দির ও মন্দির চত্বরটি গড়ে উঠেছিল মানুষের দানে, শ্রদ্ধায় ও ভক্তিতে।

১৭৬৪ খৃষ্টাব্দে হুজুরিমল বলে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

# মুম্বই হামলার নেপথ্যে মাসুদ আজাহারই'

তিহাড় জেল থেকে বেরিয়ে আসার পর মাসুদ আজাহার পাকিস্তানে চলে আসেন। বালাকোটের মাটি থেকেই ভারতে হামলার পরিকল্পনা সাজিয়ে ফেলেন তিনি। দিল্লি ও মুম্বইয়ে জঙ্গি হামলার নীল নকশা তৈরি করা হয় বালাকোট থেকেই।" ওই ভিডিওতে ইলিয়াসের তরফে জানানো হয়েছে, ভারতের মাটিতে সন্ত্রাসী হামলার যাবতীয় পরিকল্পনা রচিত হয়েছিল এই বালাকোট থেকে। শুধু তাই নয়, আমেরিকার হাতে মৃত্যু হওয়া ওসামা বিন লাদেনকে শহিদ বলেও মন্তব্য করে ইলিয়াস।

গতকাল এই ইলিয়াস কাশ্মীরির আরও একটি ভিডিও সামনে এসেছিল। যেখানে তাঁকে উর্দু উচ্চারণে বলতে শোনা গিয়েছে, "সন্ত্রাসবাদকে কাজে লাগিয়ে দিল্লি, কাবুল ও কান্দাহারের সঙ্গে লড়ে আমরা দেশের সীমান্তকে রক্ষা করেছি। সব কিছু ত্যাগ করার পর ৭ মে মৌলানা মাসুদ আজহারের পরিবার টুকরো টুকরো হয়ে যায় বাহাওয়ালপুরে ভারতীয় সেনার আক্রমণে!"

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু আমাদের পাণ্ডু রাজার ঢিবি পুড়েও কালো হয়ে গিয়েছিল। মাতৃকা-উপাসকরা আক্রান্ত হয়ে, পুড়ে যাওয়ায় যেন কালীর বর্ণ কালো হয়েছে, দয়াময়ী মা আমাদের বিরুদ্ধে পরিচালিত বিজাতীয় আগ্রাসনের প্রত্যুত্তরে হিংস্র রূপ ধারণ করেছেন,

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কাকদ্বীপে শিক্ষক পিটিয়ে গ্রেফতার তৃণমূল নেতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কাকদ্বীপ :** কাকদ্বীপে শিক্ষক পিটিয়ে তৃণমূল নেতা গ্রেফতার। প্রবল বিতর্কের মুখে শিক্ষক পেটানো তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। আক্রান্ত শিক্ষকের অভিযোগের ভিত্তিতে হারউড পয়েন্ট থানায় FIR দায়ের হয়েছিল। ক্যানিং স্টেশন থেকে গ্রেফতার করা হয়েছে অভিযুক্ত তৃণমূল নেতাকে।শসক দলের নেতার হাতে শিক্ষক নিগ্রহের ঘটনা এই প্রথম নয়। এর আগেও অসংখ্যবার তৃণমূল নেতাদের হাতে আক্রান্ত হয়েছেন শিক্ষকরা। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়- বাদ যায়নি কোনও স্থানই। চরম হেনস্থার শিকার হতে হয়েছে শিক্ষকদের।শুধু আজকেই নয়, এপ্রিল মাসেও কাকদ্বীপের এই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল তৃণমূল নেতার বিরুদ্ধে।

কাকদ্বীপের স্কুলে পড়ুয়াদের সামনেই ভারপ্রাপ্ত শিক্ষককে ঘাড়ধাক্কা। স্কুলেই পরিচালন সমিতির সভাপতি তৃণমূলের



পঞ্চায়েত সদস্যের দাদাগিরি। তাড়া করে স্কুলেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে তৃণমূল নেতার মার। স্কুল থেকে বের করে এসডিপিও অফিস পর্যন্ত টেনে মারধরের অভিযোগ। কাকদ্বীপের বীরেন্দ্র বিদ্যানিকেতন স্কুলে তৃণমূল নেতার বেলাগাম গুন্ডামি। পড়ুয়াদের সামনেই হামলা, তাও পাল্টা মার ঠেকানোর সাফাই নেতার। হারউড পয়েন্ট থানায় অভিযোগ দায়ের আক্রান্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের। গতকাল কী ঘটেছিল তাঁর সঙ্গে, তার বিস্তারিত বিবরণ দেন তিনি। আজই অভিযোগ দায়ের করার পর প্রবল চাপের মুখে অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। গতকাল যে ছবি প্রকাশ্যে এসেছিল সেখানে দেখা গিয়েছিল, স্কুলের মধ্যে পড়ুয়াদের সামনেই করিডর দিয়ে কার্যত হিড়হিড় করে টেনে নিয়ে যাওয়া হচ্ছিল ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে। জানা গিয়েছে, স্কুলের লাগোয়া অঞ্চলেই এক আক্রান্ত শিক্ষকের বাড়ি। এমন ঘটনায় স্বভাবতই আতঙ্কে রয়েছেন আক্রান্ত শিক্ষক।

গতকাল আক্রান্ত হন এই শিক্ষক। আজ কিছুক্ষণ আগে থানায় এফআইআর দায়ের করেন আক্রান্ত শিক্ষক। প্রবল চাপের মুখে অবশেষে অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। জানা গিয়েছে, তিনি স্কুলের পরিচালন সমিতির সভাপতি হওয়ার পাশাপাশি পঞ্চায়েতের সমিতিরও সদস্য। আজ সারাদিন কার্যত বেপাত্তা ছিলেন শাসক দলের এই নেতা। তাঁর খোঁজ মেলেনি বাড়ি গিয়েও। শোনা গিয়েছিল, তিনি নাকি চাঁদা তুলতে গিয়েছেন। তবে অবশেষে ত্রিদিব বাড়ুই নামের ওই অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। প্রবল চাপের মুখে অতি তৎপর হয়ে অভিযুক্ত শাসক নেতাকে গ্রেফতার করা হয়েছে। তাঁকে আদালতে তোলা হবে। দলের তরফ থেকে এই অভিযুক্তের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয় সেটাই এখন দেখার।

## কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে তাঁর জন্মদিনে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন



**নতুন দিল্লি, ১৭ সেপ্টেম্বর, ২০২৫**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে তাঁর জন্মদিনে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।

এক্স প্ল্যাটফর্মে একাধিক পোস্টে, শ্রী শাহ বলেছেন, ত্যাগ ও নিষ্ঠার প্রতীক, লক্ষ লক্ষ দেশবাসীর অনুপ্রেরণা, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজির জন্মদিনে আন্তরিক শুভেচ্ছা। তিনি বলেন, প্রধানমন্ত্রী মোদী তাঁর জনজীবনের পাঁচ দশকেরও বেশি সময় ধরে দেশবাসীর কল্যাণের জন্য নিরন্তর এবং অক্লান্ত পরিশ্রম করে চলেছেন, তিনি প্রতিটি নাগরিকের কাছে 'দেশ প্রথম'-এর জীবন্ত অনুপ্রেরণা।

শ্রী অমিত শাহ বলেন, সংঘ থেকে শুরু করে দল এবং সরকার পর্যন্ত, প্রধানমন্ত্রী মোদীর জীবনযাত্রা দেখায় যে, যখন সংকল্প হিমালয়ের মতো সুদৃঢ় থাকে এবং দৃষ্টি সমুদ্রের মতো বিশাল হয়, তখন সুদূরপ্রসারী রূপান্তরের সম্ভাবনাও অসীম হয়ে ওঠে। তিনি বলেন, প্রধানমন্ত্রী মোদী শাসনের মধ্যে সংহতি, সিদ্ধান্তের মধ্যে দৃঢ়তা এবং নীতির মধ্যে স্পষ্টতা এনে প্রান্তিক, অনগ্রসর, দরিদ্র, মহিলা এবং জনজাতি সম্প্রদায়কে সুশাসনের কেন্দ্রবিন্দুতে নিয়ে আসার ক্ষেত্রে অবিস্মরণীয় কাজ করেছেন। শ্রী শাহ বলেন, সমগ্র দেশ প্রধানমন্ত্রী মোদীকে নিয়ে গর্বিত। তিনি লক্ষ লক্ষ দেশবাসীর জীবনে অকল্পনীয় পরিবর্তন এনেছেন এবং তাঁদের এক 'উন্নত' ও 'আত্মনির্ভর

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhamahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সস্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



(৫ পাতার পর)

# কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে তাঁর জন্মদিনে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন

ভারত' গঠনের যাত্রায় সংযুক্ত করেছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গত পাঁচ দশক ধরে বিভিন্ন ভূমিকায় তিনি শ্রী মোদীকে দেখেছেন। সংঘ প্রচারক, দলের কার্যকর্তা, গুজরাটের মুখ্যমন্ত্রী এবং গত ১১ বছর ধরে দেশের প্রধানমন্ত্রী হিসেবে মোদীজি সবসময়ই দেশকে ব্যক্তিগত স্বার্থের উর্ধ্বে রেখেছেন। এই প্রতিটি ভূমিকায় তাঁর সঙ্গে কাজ করার সুযোগ পেয়ে তিনি নিজেকে সৌভাগ্যবান মনে করছেন বলে শ্রী শাহ জানান। তিনি বলেন, দায়িত্ব ও পদ নির্বিশেষে প্রধানমন্ত্রী মোদীজি সবসময়ই গঠনমূলক কাজ ও সিদ্ধান্তকে সমর্থন করেছেন এবং তাঁর প্রতিটি সিদ্ধান্তের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে গেছেন।

শ্রী অমিত শাহ বলেন, যেসব জায়গার উন্নয়ন অকল্পনীয় ছিল, যা নিয়ে কোনো আলোচনাই হতো না, গত ১১ বছরে প্রধানমন্ত্রী মোদী সেইসব এলাকায় বিশ্বমানের পরিকাঠামো স্থাপন করেছেন। অসমে দীর্ঘতম সেতু, কাশ্মীরে বিশ্বের উচ্চতম চন্দ্রভাগা রেল সেতু, সেমিকনডাকটর ইউনিট, ডিজিটাল জনপরিকাঠামো - এই সব কিছুই বুঝিয়ে দিচ্ছে মোদী সরকারের আমলে ভারত প্রতিটি ক্ষেত্রে শীর্ষস্থানের দিকে এগিয়ে চলেছে। আজ যখন পথ বিক্রেতারাও গর্বের সঙ্গে ইউপিআই দেখান তখন সত্যি সত্যিই বোঝা যায় যে, নরেন্দ্র মোদী থাকার অর্থ কী।

শ্রী শা বলেন, একসময়ে বলা হত যে উন্নয়ন এবং অর্থনৈতিক কাজ একসঙ্গে চালানো অসম্ভব। কিন্তু প্রধানমন্ত্রী মোদীজি দেখিয়েছেন দরিদ্রদের কল্যাণ এবং অর্থনৈতিক বিকাশ কীভাবে একই সঙ্গে করা যায়। তাঁর নেতৃত্বে ভারত বিশ্বের একাদশ বৃহত্তম অর্থনীতি থেকে চতুর্থ বৃহত্তম অর্থনীতিতে উন্নীত হয়েছে। আইএমএফ ভারতকে বিশ্ব অর্থনীতিতে একটি উজ্জ্বল স্থান বলে অভিহিত করেছে এবং দেশের বিকাশহার এখন বিশ্বের মধ্যে সর্বোচ্চ। শ্রী শাহ বলেন, আজ ভারতের ৬০ কোটি মানুষ দারিদ্র্যের কবল থেকে বেরিয়ে এসেছেন এবং দেশ বিশ্ব অর্থনীতিতে নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে, যা কেবল মোদীর শাসনেই সম্ভব।

শ্রী অমিত শাহ বলেন, সমস্যা সমাধানের প্রতি প্রধানমন্ত্রী মোদীর দৃষ্টিভঙ্গি এবং নিষ্ঠা তাঁর ব্যক্তিত্বের বৈশিষ্ট্য, সমগ্র বিশ্ব তাঁকে সমস্যা সমাধানের ক্ষেত্রে এক তুখোড় নেতা হিসেবে স্বীকৃতি দেয়। তিনি বলেন, যুদ্ধ, উত্তেজনা এবং বিশ্বব্যাপী লবির যুগে, প্রধানমন্ত্রী মোদী বিশ্বের সামনে সংলাপের সেতু হিসেবে আবির্ভূত হয়েছেন। বিশ্বের ২৭টি দেশ বিশ্বমিত্র মোদীজিকে তাদের সর্বোচ্চ অসামরিক সম্মানে ভূষিত করেছে। এটিই তাঁর বিশ্বজনীন নেতৃত্বের প্রমাণ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে ভারত বিশ্বব্যাপী আকাঙ্ক্ষার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। মহাকাশে চাঁদের দক্ষিণ মেরু থেকে শুরু করে দ্বারকায় সমুদ্রের গভীর পর্যন্ত, প্রধানমন্ত্রী মোদী ঐতিহ্য এবং বিজ্ঞান উভয়কেই গৌরব এনে দিয়েছেন। শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে আজ ভারত মহাকাশ ক্ষেত্রে নতুন মানদণ্ড স্থাপন করছে। তিনি বলেন, দেশীয় কোভিড ভ্যাকসিন, দেশীয় প্রতিরক্ষা ব্যবস্থা, স্টার্টআপ, উদ্ভাবন, কৃষকদের ফসলের ন্যায্য মূল্য নিশ্চিত করা থেকে শুরু করে ম্যানুফ্যাকচারিং মিশন পর্যন্ত, প্রধানমন্ত্রী মোদী এমন এক ভারত গড়ে তুলছেন, যা প্রতিটি ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ।

শ্রী অমিত শাহ বলেন, শ্রী নরেন্দ্র মোদী হলেন দেশের জন্য ত্যাগ, তপস্যা এবং সম্পূর্ণ নিষ্ঠার প্রতীক।

(১ম পাতার পর)

# অস্ত্রত্যাগে রাজি? সরকারের কাছে 'শান্তি প্রস্তাব' মাওবাদীদের

হয়েছে হাজারেরও বেশি, পাশাপাশি আত্মসমর্পণ করেন ৮৩৭ জন। ২৪-এর পর ২০২৫ সালে অভিযানের ঝাঁজ আরও বেড়েছে। রিপোর্ট বলছে, গত ৯ মাসে এনকাউন্টারে মৃত্যু হয়েছে ২১০ জন মাওবাদীর। এদের মধ্যে শুধুমাত্র ছত্তিশগড়ে ১৩ জন শীর্ষ মাওবাদী নেতার মৃত্যু হয়েছে। যাদের মাথার ন্যূনতম ২০ লক্ষ থেকে এক কোটি টাকা পর্যন্ত। গুরুতর এই পরিস্থিতিতে যুদ্ধ এগিয়ে নিয়ে যাওয়ার অর্থ ক্রমশ মৃত্যুর পথে পা বাড়ানো। তা হাড়ে হাড়ে টের পেয়েই শান্তি চাইছে মাওবাদীরা। তবে সরকার মাওবাদীদের সে দাবি মানবে কিনা তা নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে।মাওবাদী নেতা অভয়ের নামে এই চিঠি প্রকাশ্যে এলেও এর সত্যতা যাচাই করেনি সংবাদ প্রতিদিন।

মাওবাদীদের তরফে জানানো হয়েছে, ২০২৪ সাল থেকে লাগাতার চলা অভিযানে দুই পক্ষই সমানভাবে ক্ষতিগ্রস্ত। বিবৃতিতে বলা হয়েছে, 'আমরা স্পষ্টভাবে জানাচ্ছি, ভবিষ্যতে যত দূর সম্ভব জনসাধারণের স্বার্থে লড়াই করা সকল রাজনৈতিক দল এবং সংগঠনের সঙ্গে মিলে কাজ করব। আমরা এই বিষয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বা তাঁর প্রতিনিধিদলের সঙ্গে আলোচনা করতে প্রস্তুত। সরকারের কাছে আমাদের আর্জি, দেশের বিভিন্ন রাজ্যে থাকা আমাদের সহকর্মীদের সঙ্গে আলোচনার জন্য এক মাসের সময় দিন।' শুধু তাই নয়, জেলবন্দি মাও নেতাদের আমাদের সিদ্ধান্তের কথা জানিয়ে, এই ইস্যুতে তাদের সঙ্গে আলোচনা করা যায় তার ব্যবস্থা করা হোক। মাওবাদী নেতা অভয়ের এই বিবৃতি গত ১৫ আগস্টের বলে জানা গিয়েছে।আরও বলা হয়েছে, যদি সরকার সত্যিই আলোচনা চায় তাহলে আমাদের এক মাসের সময় দেওয়া হোক। এই সময়ে জেলবন্দি শীর্ষ মাওবাদী নেতাদের সঙ্গে আলোচনা করতে চায় তারা। তবে এই এক মাস যাতে কোনও অভিযান না চলে সেটাও জানানো হয়েছে মাওবাদীদের তরফে। মাও সংগঠনের বার্তা, 'এই সময়কালে তাদের উপর যেন পুলিশ কোনওরকম অভিযান না চালায়। সরকার যদি চায় তবে কাল থেকেই ভিডিও কলের মাধ্যমে আলোচনা চালাতে প্রস্তুত আমরা।'

এই চিঠি যদি সত্যিই মাওবাদীদের তরফে প্রকাশ করা হয়ে থাকে, তাহলে একটা বিষয় স্পষ্ট যে নিরাপত্তাবাহিনীর লাগাতার অভিযানে আড়াআড়ি ভাগ হয়ে গিয়েছে মাওবাদীরা। তাদের একপক্ষ চাইছে অস্ত্র ছেড়ে আত্মসমর্পণের পথে হাঁটতে। এই চিঠির প্রেক্ষিতে ছত্তিশ সরকারের তরফে জানানো হয়েছে, চিঠিটির আদৌ মাওবাদীদের কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। বিবৃতির সত্যতা যাচাইয়ের পর এই মাওবাদীদের দাবির প্রেক্ষিতে আলোচনা জন্য কেন্দ্রের কাছে এই বিষয়ে প্রস্তাব পাঠানো হবে।

# সিনেমার খবর

## পাঞ্জাবের বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ালেন অক্ষয় কুমার

স্টাফ রিপোর্টার, রোজদিন



অভিনয় জীবনে রয়েছে বহু ব্যর্থ ছবি। বক্স অফিসে ১৩০০ কোটি টাকার ক্ষতিও হয়েছে তার। তবুও জনপ্রিয়তার নিরিখে শাহরুখ খান, সালমান খানের মতো তারকাদের টক্কর দেন তিনি। এক সময়ে নাকি সর্বাধিক পারিশ্রমিক পেতেন খিলাড়ি খ্যাত এই অভিনেতা। যদিও ইন্ডাস্ট্রিতে 'কৃপণ' বলেই পরিচিত। এবার পাঞ্জাবের বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য মুক্ত হস্তে দান করলেন অক্ষয় কুমার।

গত ৩৭ বছরে এমন প্রাকৃতিক দুর্যোগ দেখেনি পাঞ্জাব। এমন দুর্দিনে এগিয়ে এসেছেন একাধিক তারকা। অক্ষয়ও দান করলেন নিজের সাধ্যমত। ৫ কোটি টাকার অনুদান দিয়েছেন অভিনেতা। যদিও এই অনুদানকে 'সাহায্য' না বলে 'সেবা' বলতেই বেশি পছন্দ করছেন তিনি।

অক্ষয় বলেন, "পাঞ্জাবের বন্যার্তদের ত্রাণ সামগ্রী কেনার জন্য ৫ কোটি টাকা দিচ্ছি, কিন্তু কাউকে 'দান' করার আমি কে? সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার সুযোগ পেয়ে আমি ধন্য।"

তিনি আরও বলেন, "আমার জন্য, এটি সেবা। খুব ছোট একটা অবদান। আমি প্রার্থনা করি যে, পাঞ্জাবে আমার ভাইবোনদের উপর যে প্রাকৃতিক দুর্যোগ আছড়ে পড়েছে, তা যেন শিগগিরই কেটে যাক। ঈশ্বর মঙ্গল করুন।"

দিন কয়েক আগেই শিল্পা শেট্টীর স্বামী রাজ কুন্দ্রা তার 'মেহের' ছবির প্রথম দিনের ব্যবসার পুরো অঙ্কটাই পাঞ্জাবের ত্রাণ তহবিলে দান করবেন বলে জানিয়েছেন। বন্যাদুর্গতদের পাশে দাঁড়িয়েছেন গায়ক দিলজিৎ দোসাঞ্জ।

## জাহ্নবীকে নিয়ে ঠাট্টা করে বিপাকে পড়লেন সোনম

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড অভিনেত্রী জাহ্নবী কাপুরের নতুন সিনেমা 'পরম সুন্দরী' মুক্তি পেয়েছে সম্প্রতি। এতে জাহ্নবীর অভিনয় নিয়ে ঠাট্টা করে নিজেই রীতিমতো কটাক্ষের শিকার হলেন সোনম বাজওয়া।

সিদ্ধার্থ মালহোত্রার সঙ্গে জুটি বেঁধে 'পরম সুন্দরী' সিনেমাতে অভিনয় করেছেন জাহ্নবী। তবে তার অভিনয় যে খুব মনে ধরেছে দর্শকের তা একেবারেই নয়। এ নিয়ে নানা সমালোচনা চলছেই সামাজিকমাধ্যমে। সেরকমই একটি পোস্টে জাহ্নবীর অভিনয় নিয়ে নানা মন্তব্য করেন নেটিজেনরা।

ওই পোস্টে সামিল হন অভিনেত্রী সোনম বাজওয়াও। নেটিজেনরা মূলত 'পরম সুন্দরী' সিনেমাতে জাহ্নবীর সংলাপ সঠিকভাবে বলতে না পারার দিকটি তুলে ধরেছিলেন। তবে দক্ষিণী কন্যা হিসাবে সাজটি তাকে দারুণ মানিয়েছে বলে জানান এক নেটিজেন। আর সেখানেই এক হাসির ইমোজি দেন সোনম। যা দেখে বুঝতেই পারা যাচ্ছে স্পষ্ট যে জাহ্নবীর অভিনয় নিয়ে সোনমও বেশ মজা করছেন।

এই ঘটনা ঘটার কিছুক্ষণের মধ্যেই তা ঝড়ের গতিতে ছড়িয়ে পড়ে সামাজিকমাধ্যমে। আর তা দেখে রীতিমতো রেগে যান জাহ্নবীর ভক্তরা। নানা কটাক্ষ ধেয়ে আসে সোনমের দিকে।

জাহ্নবীর অনুরাগীরা লেখেন, 'আপনার নিজের দিকে তাকানো উচিত। আপনি নিজে ঠিক কতটা অভিনয় পারেন সেই বিষয়ে আপনার কোন ধারণা রয়েছে?' কেউ আবার লেখেন সোনমকে উদ্দেশ্য করে, 'বলিউডের একজন তারকাসন্তান আর একজন বহিরাগত কোনো ভাবেই বন্ধু হয়ে উঠতে পারে না।'

## আরিয়ানের সেটে একসঙ্গে তিন খান! ভাইরাল ছবি ঘিরে জল্পনা



স্টাফ রিপোর্টার, রোজদিন

অবশেষে এক ছাতার নিচে তিন খান— শাহরুখ, সালমান, আমির। তাও নাকি আবার আরিয়ান খানের হাত ধরে! তিন খানের অনুরাগীদের মধ্যেই এই নিয়ে জল্পনা তুঙ্গে।

শনিবার সকালে একটি ছবি ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে। শুটিংয়ে ক্যামেরার পেছন থেকে তোলা সেই ছবিতে দেখা যায়, সেটে একটি প্রসাধনী ভ্যান রাখা। সেই ভ্যানের গায়ে লেখা শাহরুখ, সালমান ও আমিরের নাম। ছবি প্রকাশ্যে আসতেই প্রশ্ন ওঠে, এ বার কি তিন খানকে সত্যিই একসঙ্গে দেখা যাবে?

উত্তেজিত নেটিজেনরা মন্তব্য করেন, "বহু দিনের স্বপ্ন তিন খানকে একসঙ্গে দেখার। মনে হচ্ছে, অবশেষে সেই স্বপ্ন সত্যি হতে চলেছে। কিন্তু কোন ছবিতে?"

নেটিজেনদের অনুমান, আরিয়ান খান পরিচালিত আসন্ন ওয়েব সিরিজ 'ব্যাড্‌স অফ বলিউড'-এ তিন খানকে একসঙ্গে দেখা যাবে। ইতিমধ্যেই সেই সিরিজের ঝলকে দেখা গিয়েছে সালমানকে। শাহরুখও থাকছেন। তাই তাদের সঙ্গে আমিরও থাকবেন, এই বিষয়ে প্রায় নিশ্চিত নেটিজেনরা।

গত বছর, আমির নিজেও ইচ্ছে প্রকাশ করেছিলেন একসঙ্গে কাজ করার। শাহরুখ ও সালমানের সঙ্গে এই নিয়ে আলোচনাও করেছিলেন আমির।

আমিরই বলেছিলেন, "তিন জনের একসঙ্গে অভিনয় করার কথা আমিই তুলেছিলাম। শাহরুখ ও সালমানকে বলি, আমরা তিনজন একসঙ্গে একটা ছবি না করলে খুব খারাপ হবে। ওরাও আমার সঙ্গে সহমত হয়েছিল। আমাদের সত্যিই তিন জনের একসঙ্গে একটা ছবি করা দরকার। আশা করছি, এটা বাস্তবায়িত হবে। তবে এর জন্য একটা ভাল গল্পের প্রয়োজন। ভাল চিত্রনাট্য দরকার। সেটারই অপেক্ষায় রয়েছি আমরা।"

# টানা ৬ জয়ে বিশ্বকাপের মূল পর্বে মরক্কো

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিশ্বকাপের বাছাই পর্বে দুর্দান্ত সব পারফরম্যান্স উপহার দিচ্ছে মরক্কো। সবশেষ ম্যাচে নাইজারকে স্রেফ উড়িয়ে দিয়েছে তারা। টানা ছয় জয়ে আফ্রিকা অঞ্চল থেকে সবার আগে বিশ্বকাপের মূল পর্বে জায়গা করে নিয়েছেন আশরাফ হাকিমি, ব্রাহিম দিয়াসরা।



'ই' গ্রুপে নিজেদের ষষ্ঠ ম্যাচে নাইজারের জালে গোল উৎসব করে মরক্কো। একপেশে লড়াইয়ে ৫-০ গোলে প্রতিপক্ষকে গুঁড়িয়ে দেয় তারা। শতভাগ জয়ে ১৮ পয়েন্ট নিয়ে গ্রুপ টেবিলের শীর্ষে মরক্কো। ৬ ম্যাচে ৩ জয় ও এক ড্রয়ে ১০ পয়েন্ট নিয়ে দুইয়ে তানজানিয়া। আফ্রিকা অঞ্চলের বাছাই পর্বের ৯ গ্রুপের মধ্যে মরক্কো একমাত্র দল, যারা এখন পর্যন্ত সবগুলো ম্যাচই জিতেছে।

এই নিয়ে সপ্তমবারের মতো বিশ্বকাপে খেলতে যাচ্ছে মরক্কো। বৈশ্বিক আসরে তাদের সবচেয়ে বড় সাফল্য এসেছে ২০২২ আসরে। কাতারে অনুষ্ঠিত সেই আসরে সবাইকে চমকে দিয়ে প্রথম আফ্রিকান দল হিসেবে সেমি-ফাইনালে খেলে দলটি।

গ্রুপ পর্বে বেলজিয়াম ও কানাডাকে হারিয়ে এবং ক্রোয়েশিয়ার বিপক্ষে ড্র করে অপরাজিত থেকে শেষ ষোলোয় জায়গা করে নেয় মরক্কো। পরে সেখানে টাইব্রেকারে স্পেনকে হারায় উত্তর আফ্রিকার দেশটি।

কোয়ার্টার-ফাইনালে পর্তুগালের বিপক্ষে ১-০ গোলের জয়ে সেমি-ফাইনালে ওঠে মরক্কো। ফাইনালে ওঠার লড়াইয়ে ফ্রান্সের সঙ্গে পেরে ওঠেনি তারা, হেরে যায় ২-০ গোলে। শেষ পর্যন্ত চতুর্থ হয়ে আসর শেষ করে দলটি।

আফ্রিকা অঞ্চলের ৯ গ্রুপের শীর্ষ দলগুলো সরাসরি খেলবে বিশ্বকাপ। আর সেরা চার গ্রুপ রানার্স-আপ খেলবে প্লে-অফে। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় আগামী বছরের ১১ জুন শুরু হয়ে ১৯ জুলাই শেষ হবে ২০২৬ সালের বিশ্বকাপ।

স্বাগতিক হিসেবে বিশ্বকাপে খেলবে যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা। আর বাছাই পর্ব থেকে এখন পর্যন্ত মরক্কো ছাড়া জায়গা করে নিয়েছে আর্জেন্টিনা, ব্রাজিল, কলম্বিয়া, প্যারাগুয়ে, উরুগুয়ে, একুয়েডর, জাপান, দক্ষিণ কোরিয়া, ইরান, উজবেকিস্তান, জর্ডান, নিউ জিল্যান্ড ও অস্ট্রেলিয়া।

# বিশ্বকাপ বাছাইয়ের মাচে স্টোন্সকে পাবে না ইংল্যান্ড



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্যারিয়ারে বারবার চোটের ধাক্কা সামলাতে হয়েছে জন স্টোন্সকে। এবারও একই কারণে বিশ্বকাপ বাছাইয়ের দুইটি ম্যাচ থেকে ছিটকে গেছেন ইংল্যান্ডের এই ডিফেন্ডার।

৩১ বছর বয়সী স্টোন্সকে নিয়ে কোনো ঝুঁকি নিতে চান না ইংল্যান্ড কোচ টমাস টুখেল। দলের সঙ্গে অনুশীলন ক্যাম্পে যোগ দেওয়ার সময় থেকেই তার পেশিতে সমস্যা ছিল, যা আর কাটেনি।

তিনি জানান, "সে হালকা সমস্যা নিয়ে এসেছিল। আমরা ভেবেছিলাম ধীরে ধীরে সেরে উঠবে, কিন্তু প্রত্যাশামতো হয়নি। তাই আজ সকালেই সে ক্যাম্প ছেড়ে গেছে।"

চোটের সঙ্গে দীর্ঘদিন ধরে লড়াই চলছে স্টোন্সের। ২০১৭ সাল থেকে নানা সময়ে পেশি, ঊরু, অ্যাঙ্কেল, মাথা ও কুঁচকির সমস্যায় ভুগতে হয়েছে তাকে। গত মৌসুমে হ্যামস্ট্রিং ও পেশির চোটে প্রায় তিন মাস বাইরে ছিলেন তিনি, ফলে মৌসুমের শেষভাগে ৩৩টি ম্যাচে খেলতে পারেননি ম্যানচেস্টার সিটির এই ফুটবলার।

এর আগে ২০২১-২২ মৌসুমেও একাধিকবার চোটের জন্য মাঠের বাইরে যেতে হয়েছিল স্টোন্সকে। এই মৌসুমে প্রিমিয়ার লিগে সিটির তিনটি ম্যাচেই শুরুর একাদশে ছিলেন স্টোন্স।

# এশিয়া কাপ থেকে বাদ পড়া নিয়ে মুখ খুললেন আইয়ার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এশিয়া কাপের দলে জায়গা না পাওয়ায় বিস্ময় ছড়িয়েছিল ভারতীয় ক্রিকেট মহলে। অনেকেই প্রশ্ন তুলেছিলেন, কেন বাদ পড়লেন শ্রেয়াস আইয়ার? ভারতের সাবেক ক্রিকেটার মোহাম্মদ কাইফ ও রবিচন্দ্রন অশ্বিন প্রকাশ্যে বলেছিলেন, শ্রেয়াসের সঙ্গে অন্যায় হয়েছে। তবে এতদিন এ বিষয়ে মুখ না খুললেও অবশেষে নিজের অবস্থান স্পষ্ট করেছেন ৩০ বছর বয়সী এই ব্যাটার।



সম্প্রতি এক পডকাস্টে শ্রেয়াস বলেন,"এটা তখনই হতাশাজনক যখন আপনি জানেন, একাদশে থাকা আপনার প্রাপ্য ছিল। এমন পরিস্থিতিতে বাদ পড়াটা কষ্টদায়ক। তবে কেউ যদি ধারাবাহিকভাবে পারফর্ম করে এবং দলের জন্য অবদান রাখে, তাহলে তাকে অবশ্যই সমর্থন করা উচিত।"

তিনি আরও যোগ করেন,"সবশেষে গুরুত্বপূর্ণ হলো দলের জয়। দল জিতলে সবাই খুশি থাকে।"

আইপিএল ২০২৫-এ দুর্দান্ত পারফরম্যান্স করেছিলেন শ্রেয়াস আইয়ার। কলকাতা নাইট রাইডার্সকে নেতৃত্ব দিয়ে শিরোপা জিতিয়েছেন তিনি। এর আগের মৌসুমে পাঞ্জাব কিংসের হয়েও ৬০৪ রান করেছিলেন, যদিও দলটি ফাইনালে হেরে যায় রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর কাছে।

তবে আইপিএলের সেই ধারাবাহিকতা ও নেতৃত্বগুণ সত্ত্বেও এশিয়া কাপের মূল দল তো দূরের কথা, রিজার্ভ তালিকাতেও জায়গা পাননি তিনি। বিসিসিআইয়ের এমন সিদ্ধান্তে অনেকেই হতবাক।

তবে শ্রেয়াস হতাশ হলেও দমে যাওয়ার মানুষ নন। দল থেকে বাদ পড়লেও পেশাদার মনোভাব বজায় রেখেছেন তিনি। বর্তমানে তিনি অস্ট্রেলিয়ার বিপক্ষে ভারত 'এ' দলের অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR